



বিষয় : 'দুই খেয়া'-র বিষয়বস্তু আলোচনা

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'একটু পরে _____ নদীতীরে আর একজন এসে দাঁড়াল।' - শূন্যস্থানে বসবে —
(ক) নির্জন (খ) অন্ধকার
(গ) ফাঁকা (ঘ) সংকীর্ণ
- ২। 'শুধু পা, পরনে হাঁটু পর্যন্ত ওঠানো খদ্দেরের কাপড়।' — 'খদ্দেরের কাপড়' বলতে বোঝায় ?
(ক) সিল্কের কাপড় (খ) নাইলনের কাপড়
(গ) খাদি / সুতির কাপড় (ঘ) কোনটি নয়
- ৩। 'তাকেও ওপারে যেতে হবে।' - কাকে যেতে হবে ?
(ক) নবীন (খ) উমেশ
(গ) বিশু (ঘ) সিদ্ধার্থ
- ৪। 'দাদাঠাকুর এলে নাকি?' - বক্তা কে ?
(ক) উমেশ (খ) নবীন
(গ) বিশু (ঘ) ছন্দক
- ৫। 'দাদাঠাকুর এলে নাকি?' - 'দাদা ঠাকুর' বলতে কাকে বোঝানো হয়েছে ?
(ক) ছন্দক (খ) নবীন
(গ) উমেশ (ঘ) অপু
- ৬। '_____ এগিয়ে এল।' - শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে ?
(ক) সিদ্ধার্থ (খ) ছন্দক
(গ) উমেশ (ঘ) নবীন
- ৭। 'আমি এপারে _____ এসেছিলাম দাদাঠাকুর।' - শূন্যস্থানে বসবে যে শব্দটি তা হল —
(ক) মাছ ধরতে (খ) বাজার করতে
(গ) হাটে (ঘ) জিনিস বেচতে
- ৮। 'আমি এপারে মাছ ধরতে এসেছিলাম।' - 'আমি' কে ?
(ক) নবীন (খ) উমেশ
(গ) বিশু (ঘ) অপু
- ৯। 'বললে, কে? আরে বিশু যে!' - বক্তা কে ?
(ক) উমেশ (খ) নবীন
(গ) অপু (ঘ) সিদ্ধার্থ
- ১০। 'আরে বিশু যে!' - 'বিশু' বলতে কাকে বোঝানো হয়েছে ?
(ক) উমেশের সহকারী (খ) নবীনের প্রতিবেশী
(গ) উমেশের প্রতিবেশী (ঘ) নৌকার মাঝি

- ১১। ‘_____ কাছে শুনেছিলাম,’ - শূন্যস্থানে কোন্ শব্দ বসবে ?
(ক) দারোগার (খ) মধুর
(গ) উমেশের (ঘ) বিশুর
- ১২। ‘তুমি ওপারে গেছ সালিশির বৈঠকে।’ - ‘সালিশি’ বলতে বোঝায় —
(ক) ঝগড়া মিটমাটের সভা (খ) কোর্ট
(গ) সাহিত্যসভা (ঘ) বিচারকের বৈঠক
- ১৩। ‘আমার সামনেই _____ নৌকাটা গেল বেরিয়ে।’ - শূন্যস্থানে বসবে —
(ক) বড় (খ) ওপারের
(গ) খেয়া (ঘ) মধুর
- ১৪। ‘_____ ডাক্তার হতে পারেনি,’ - শূন্যস্থানে কোন্ শব্দ বসবে ?
(ক) উমেশ (খ) নবীন
(গ) বিশু (ঘ) অপু
- ১৫। ‘হয়েছে দেশসেবক।’ - ‘দেশসেবক’ বলতে —
(ক) দেশের সেবা/কাজ করে যে (খ) ডাক্তার
(গ) বিপ্লবী (ঘ) মিলিটারী

Amit Kundu
